রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৩০, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই অগ্রহায়ণ ১৪০৬ বাং/২৯শে নভেম্বর ১৯৯৯

এস. আর. ও নং ৩৪৮-আইন/৯৯/১৮০৮/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 25Aতে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ৪ঠা কার্তিক ১৪০৬ বাংলা মোতাবেক ১৯শে অক্টোবর, ১৯৯৯ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস. আর. ও ৩১৬-আইন/৯৯/১৮০৭/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—(১) অনুচ্ছেদ ৪ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (৪) (ঘ) এর "শাখা বা সহায়ক সংস্থার মাধ্যমে দরপত্রদাতার উপস্থিতি থাকিতে হইবে" শব্দগুলির পরিবর্তে "(বাংলাদেশের মোট আমদানি বাণিজ্যের ৩৩% নিয়ন্ত্রণ করে এমন দেশসমূহসহ ন্যূনতম ৫০% দেশে দরপত্রদাতার নিজস্ব মালিকানাধীন শাখা বা সহায়ক অফিসের মাধ্যমে এবং অবশিষ্ট দেশে তৎকর্তৃক নিযুক্ত এজেন্টের মাধ্যমে) দরপত্রদাতার উপস্থিতি থাকিতে হইবে; যে সকল দেশ হইতে বাংলাদেশে মোট রপ্তানির ০.১% (বিগত তিন বছরের গড়) এর কম রপ্তানি হয় সেই সকল দেশ এই হিসাবের অন্তর্ভুক্ত হইবে না" বন্ধনীসমূহ, শব্দসমূহ, সংখ্যাসমূহ এবং চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে;



মূল্য : টাকা ২.০০

(খ) উপ-অনুচ্ছেদ (৫) এর "প্রস্তাব দাখিল করিবে" শব্দগুলির পর "; উক্ত প্রস্তাবে বাংলাদেশের অভ্যন্তরে অডিট করার জন্য একটি রেইট এবং বাংলাদেশের বাহিরে অডিট করার জন্য অপর একটি রেইট উল্লেখ করিতে হইবে" সেমিকোলন ও শব্দগুলি সংযোজিত হইবে;

(গ) উপ-অনুচ্ছেদ (১১) এর "উক্ত Performance Bond" শব্দগুলির পরিবর্তে "Performance Bond হিসাবে ব্যাংক গ্যারান্টির পরিবর্তে জামানত সঞ্চয় পত্রও দাখিল করা যাইবে। উক্ত Performance Bond বা জামানত সঞ্চয় পত্র" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) উপ-অনুচ্ছেদ (১৪) ও (১৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১৪) ও (১৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১৪) কোন এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত পরিদর্শন সংস্থার কার্যক্রম কোন কারণে সাময়িকভাবে স্থগিত অথবা উহার নিয়োগ বাতিল করা হইলে কমিটির সুপারিশক্রমে অন্য কোন এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত পরিদর্শন সংস্থাকে উক্ত এলাকার জন্য পরিদর্শন সংস্থা হিসাবে সরকার তৎকর্তৃক নির্ধারিত মেয়াদের জন্য নিয়োগ প্রদান করিতে পারিবে। সেই ক্ষেত্রে প্রথম নিয়োগকৃত পরিদর্শন সংস্থা (যাহার কার্যক্রম সাময়িকভাবে স্থগিত অথবা নিয়োগ বাতিল করা হইয়াছে) যেই দরের ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত হইয়াছিল অন্য এলাকা-সমূহের জন্য নিয়োগপ্রাপ্ত এজেন্সীসমূহকে ঐ দরে কাজ করিবার জন্য পর্যায়ক্রমে প্রস্তাব করা হইবে। উক্ত প্রস্তাবে কেহ কাজ করিতে রাজী না হইলে ঐ এলাকার জন্য প্রথম বিডে যে প্রতিষ্ঠান দ্বিতীয় সর্বনিম্ন দর উদ্ধৃত করিয়াছিল সেই দরে ঐ পরিদর্শন সংস্থাকে নিয়োগ করা হইবে এবং উক্ত সংস্থাকে এইরূপ নিয়োগে সম্মতি রহিয়াছে মর্মে দরপত্রের সহিত একটি অংগীকারনামা প্রদান করিতে হইবে। তবে শর্ত থাকে যে, অপর কোন নিয়োগপ্রাপ্ত সংস্থার কার্যকর দর ইহার চাইতে কম হইলে ঐ দরে ঐ সংস্থাকে দ্বিতীয় সর্বনিম্ন দরপত্র দাতার পরিবর্তে নিয়োগ করা হইবে।

(১৫) যে সকল দরপত্রদাতা কারিগরীভাবে যোগ্য (Technically Qualified) বলিয়া বিবেচিত হইয়াছে কিন্তু পরিদর্শন সংস্থা বা অডিট এজেন্সী হিসাবে নিয়োগপ্রাপ্ত হয় নাই তাহাদের দাখিলকৃত দরের ক্রমানুযায়ী উক্ত সংস্থাসমূহ সমন্বয়ে একটি প্যানেল (Panel) গঠন করা হইবে। কোন কারণে নিয়োগপ্রাপ্ত অডিট এজেন্সীকে সাময়িক স্থগিত অথবা স্থায়ীভাবে বাতিল করা হইলে উক্ত প্যানেল হইতে পরবর্তী সর্বনিম্ন দরদাতা সংস্থাকে ক্রমানুসারে অডিট এজেন্সী হিসাবে নিয়োগ করা হইবে।";

(২) অনুচ্ছেদ ৫ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (১) (ঘ) (ঈ) এর "এই কার্য সম্পাদন করিবে" শব্দগুলি ও দাঁড়ির পর "যদি রপ্তানীকারক কর্তৃক পরীক্ষার জন্য ভুল পণ্য উপস্থাপিত হয় কিংবা রপ্তানীকারকের অন্য কোন গাফিলতির কারণে পণ্য পুনঃ পরিদর্শন করা হয় তাহা হইলে পরিদর্শন সংস্থা প্রথমতঃ এন, এন, আর, এফ, (NNRF) ইস্যুর বিষয়ে রপ্তানীকারককে প্রস্তাব করিবে। রপ্তানীকারক এই প্রস্তাবে রাজী না হইয়া যদি পুনঃ পরিদর্শন দাবী করে তাহা হইলে পরিদর্শন সংস্থা এই অতিরিক্ত পরিদর্শনের জন্য রপ্তানীকারকের নিকট হইতে অতিরিক্ত ফি আদায় করিতে পারিবে। এই ধরণের

ক্ষেত্রে আদায়কৃত ফি এর পরিমাণ উল্লেখপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডে মাসিক ভিত্তিতে বিবরণী প্রেরণ করিতে হইবে।" শব্দগুলি, বন্ধনীসমূহ ও দাঁড়িসমূহ সন্নিবেশিত হইবে;

(খ) উপ-অনুচ্ছেদ (১)(ঘ)(উ) এর "সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করিতে হইবে" শব্দগুলির পরিবর্তে "ফ্যাক্স বার্তা বা স্বাক্ষরিত চিঠি স্ক্যানিং করতঃ ই-মেইলযোগে পরিদর্শন সংস্থার স্থানীয় অফিসের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করিতে হইবে। উক্ত ফ্যাক্স বা ই-মেইল বার্তার কপি স্থানীয় অফিসের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সত্যায়িত হইতে হইবে। এই ক্ষেত্রে মূল সংশোধনী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সকলের নিকট পৌঁছাইতে হইবে" শব্দগুলি, সংখ্যা, বন্ধনীসমূহ ও দাঁড়িসমূহ প্রতিস্থাপিত হইবে;

(৩) অনুচ্ছেদ ৭ এর—

(ক) দফা (ঙ) এর "মূল্য" শব্দটির পরিবর্তে "মূল্য এবং এইচ এস কোড" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (চ) এর "ঋণপত্রের একটি কপি সংশ্লিষ্ট ব্যাংকের শাখা কর্তৃক পরিদর্শন সংস্থার স্থানীয় অফিসে প্রেরণ করিতে হইবে" শব্দগুলির পরিবর্তে "ঋণপত্র ও ইন্স্যুরেন্স কাভার নোটের একটি করিয়া সত্যায়িত কপি সংশ্লিষ্ট ব্যাংকের শাখা কর্তৃক পরিদর্শন সংস্থার স্থানীয় অফিসে প্রেরণ করিতে হইবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (জ) এর "নম্বর ও স্বাক্ষরযুক্ত" শব্দগুলির পরিবর্তে "পরিদর্শন সংস্থার নম্বর ও লোগোযুক্ত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(৪) অনুচ্ছেদ ১৪ এর উপ-অনুচ্ছেদ (৭) এর পর নিম্নরূপ নতুন উপ-অনুচ্ছেদ (৮) সংযোজিত হইবে, যথা :—

"(৮) পণ্য পরিদর্শনের পর কিন্তু সি.আর.এফ ইস্যুর পূর্বে এল সি বাতিল হইলেও পরিদর্শন সংস্থা তাহার পরিদর্শন ফি প্রাপ্য হইবে। এই ধরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট এল সি ইস্যুকারী ব্যাংক আমদানিকারকের এল সি এর প্রাপ্য অর্থ হইতে নির্ধারিত সার্ভিস চার্জ কর্তন করিয়া সরকারী খাতে জমা প্রদান করিবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী আনোয়ার হুসাইন
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।